# ফিলিস্তিনকে রাষ্ট্র হিসেবে স্বীকৃতি দিতে যাচ্ছে ফ্রান্স



সংগৃহীত ছবি

আগামী সেপ্টেম্বরে জাতিসংঘের সাধারণ অধিবেশনে ফিলিস্তিনকে রাষ্ট্র হিসেবে স্বীকৃতি দেওয়ার সিদ্ধান্ত নিয়েছে ফ্রান্স। বৃহস্পতিবার (২৪ জুলাই) এক ঘোষণায় দেশটির প্রেসিডেন্ট ইমান্যুয়েল ম্যাকরন এ তথ্য জানান। তার ভাষ্যে, মধ্যপ্রাচ্যে স্থায়ী শান্তি প্রতিষ্ঠার লক্ষ্যে এ পদক্ষেপ নেওয়া হচ্ছে।

ম্যাকরন সামাজিক যোগাযোগমাধ্যম এক্স-এ দেওয়া এক বার্তায় বলেন, "এই মুহূর্তে সবচেয়ে জরুরি বিষয় হলো গাজায় যুদ্ধ বন্ধ করা এবং সাধারণ মানুষের জীবন রক্ষা করা। শান্তি সম্ভব।"

এছাড়া তিনি ফিলিস্তিনি প্রেসিডেন্ট মাহমুদ আব্বাসকে পাঠানো একটি চিঠিও এক্স-এ প্রকাশ করেন, যেখানে ফ্রান্সের পক্ষ থেকে ফিলিস্তিনকে স্বীকৃতি দেওয়ার প্রতিশ্রুতি পুনর্ব্যক্ত করা হয়েছে। এই ঘোষণাকে ফিলিস্তিনিরা স্বাগত জানিয়েছে এবং একে ঐতিহাসিক পদক্ষেপ বলে অভিহিত করেছে।

অন্যদিকে, ফ্রান্সের এ সিদ্ধান্তে কড়া প্রতিক্রিয়া জানিয়েছেন ইসরায়েলের প্রধানমন্ত্রী বেনিয়ামিন নেতানিয়াহু। তিনি একে "পশ্চিমা ঐক্যের জন্য হুমকি" বলে আখ্যা দিয়েছেন।

বিশ্লেষকদের মতে, ফ্রান্সের এই ঘোষণার প্রেক্ষিতে পশ্চিমা বিশ্বের অনেক দেশই তাদের দীর্ঘদিনের কূটনৈতিক অবস্থান নতুন করে পর্যালোচনা করতে বাধ্য হতে পারে। এতে মধ্যপ্রাচ্য সংকটে একটি নতুন কূটনৈতিক মোড় সৃষ্টি হওয়ার সম্ভাবনা রয়েছে।

LENS ASIA